গাঁড়াবাড়িয়া মাঠে বর্গ চাষীর স্বপ্ন তছনছ

পূর্ব শত্রুতার জের ধরে বর্গা চাষীর দেড় বিঘা জমির ভূট্টাক্ষেত তছরুপ করেছে দূর্বৃত্তরা।

গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের দৌলদগাড়ি মাঠে বুধবার দিবাগত রাতের কোনো এক সময় ভুট্টাক্ষেত কর্তন করা হয়েছে।

কৃষক সেন্টু মিয়া জানান, আমি গরীব চাষী। অন্যের জমি বর্গা নিয়ে ভূট্টার আবাদ করেছি। এই ভূট্টা ক্ষেত নিয়েই ছিল আমার স্বপ্ন। রাতের আধারে আমার সেই স্বপ্ন তছনছ করে দিয়েছে দূর্বৃত্তরা। তিনি অভিযোগ করে কিছুদিন আগে একই গ্রামের একজন চাষী আমার ধানের জমি দিয়ে ট্রলি নিয়ে যাচ্ছিল। আমি তাকে নিষেধ করার অপরাধে আমাকে মারধর করে। আমি হাসপাতালে ভর্তি ছিলাম। এবার তারাই আমার ভূট্টা ক্ষেত তছরুপ করেছে। আমার কোনো শত্রু নেই। আমার মত গরীব মানুষের ক্ষতি তারা ছাড়া কেউ করতে পারেনা। এঘটনায় কৃষক সেন্টু মিয়া তার বিচার দাবী করেন।

গাংনীতে মাদকসেবীকে কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত

গাঁজা সেবনের অপরাধে বেদ আলী (৬২) নামের এক মাদক সেবীকে ১৫ দিন বিনাশ্রম কারাদন্ড ও ১ শ টাকা অর্থদন্ড করেছে ভ্রাম্যমান আদালত। বেদ আলী গাংনী উপজেলার বাওট গ্রামের মৃত করিম মন্ডলের ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলা পরিষদ চত্তরে ভ্রাম্যমান আদালত বসে এ দন্ড দেন।

এর আগে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল বেদ

আলীর বাড়িতে অভিযান চালিয়ে ৫০ গ্রাম গাঁজাসহ তাকে আটক করে ভ্রাম্যমান আদালতে নিয়ে আসেন।

বেদ আলী তার দোষ স্বীকার করায় আদালত তাকে এ দন্ড দেন।

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

মাদক, বাল্যবিবাহ প্রতিরোধ ও শিক্ষার মানোন্নয়নে মত বিনিময় সভা গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয় হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুর ১২ টার সময় বিদ্যালয়ের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানার সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার

স্বাগত বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন। বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও স্কুলের ছাত্র ছাত্রী বৃন্দি উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

আব্দুল জব্বার ও ফেরেজুল ইসলামের নামে মামলা দায়ের করেন।

মিথ্যা মামলায় প্রাক্তন স্ত্রী খালাস, মাদক মামলায় প্রতারক স্বামী জেল হাজতে

মাদকদ্রব্য আইনসহ বিভিন্ন অভিযোগে ১৭ টি মামলার আসামি গাংনী উপজেলার বাহাগুন্দা গ্রামের মীর কাউছার আলী। নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে থাকেন মাঝে মধ্যে। তার বিরুদ্ধে রয়েছে বহু বিবাহের অভিযোগ। নিজেকে সরকারি চাকুরীজীবি বা সাংবাদিকের মিথ্যা পরিচয় দিয়ে বিভিন্ন এলাকায় বহু বিবাহ করেছে এই মীর কাউছার আলী। একজন মাদক সেবী ও মাদক ব্যবসায়ী হিসেবে এলাকার মানুষ তাকে চিনে।

ঘরে স্ত্রী ও ছেলে মেয়ে থাকার পরেও মীর কাউছার আলী একই উপজেলার ধানখোলা গ্রামের জমির উদ্দিন এর মেয়ে শ্যামলী খাতুনকে মিথ্যা প্ররোচনা দিয়ে বিয়ে করে। শ্যামলী খাতুন কাউছারের বাড়িতে গিয়ে তার স্ত্রী ও সন্তান দেখে ওই দিনই বাবার বাড়ি ফিরে এসে তালাক দেন তাকে।

এতেই ক্ষিপ্ত হয়ে শ্যামলী ও তার পরিবারের উপর একের পর এক মিথ্যা মামলা দিতে থাকে প্রতারক কাউছার। তার দায়ের সবগুলো মামলায় খালাস পান তিনি।

সবশেষে ২০২০ সালে তার বিরুদ্ধে টাকা ও গহনা চুরির একটি মিথ্যা মামলা দায়ের করেন প্রতারক। যার মামলা নং-৩১৬/২০।

গাংনী থানার এস আই নুরুল ইসলাম মামলাটি তদন্ত শেষে শ্যামলীর বিরুদ্ধে চার্জশীট প্রদান করেন। মালায় ৩ জন সাক্ষী প্রদান করেন। এতে তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় আজ সোমবার বেলা আড়াইটার দিকে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক বর্ণালী তাকে বেকসুর খালাস দেন।

কাউছারের দায়ের করা মিথ্যা মামলায় শ্যামলী খাতুন আদালত থেকে

বেখুসুর খালাস পাওয়ার দিন গাংনী থানা পুলিশ প্রতারক মীর কাউসাকে একটি মাদক মামলায় গ্রেপ্তার করে জেল হাজতে প্রেরণ করেন।

সোমবার দুপুরে শ্যামলীকে বেখসুর খালাস হয়ে আদালত থেকে বের হওয়ার সময় আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয় মীর কাউছারকে। মীর কাওছার একই উপজেলার বাহাগুন্দা গ্রামের মৃতু মীর ওমর ফারুকের ছেলে।

গাংনী থানা সূত্রে জানা গেছে, মাদক ব্যবসায়ী মীর কাউসার মাদক সেবনের পাশাপাশি দীর্ঘদিন যাবৎ মাদকের ব্যবসা করে আসছে। মীর কাওছারের বিরুদ্ধে গাংনী, মেহেরপুর সদর থানায় মাদকের অভিযোগে ১৭ টি মামলা চলমান রয়েছে।
কয়েকটি মামলায় তার তাকে সাজা দিয়েছে আদালত।

প্রবাসীর স্ত্রী নিয়ে উধাও তিন সন্তানের জনক

তিন পরিবারকে পথে বসিয়ে প্রবাসীর স্ত্রীকে শিশু বাচ্ছাসহ ভাগিয়ে নিয়ে গেছে তিন সন্তানের জনক কালু হোসেন। ভ’ক্তভোগী ওই তিনটি পরিবার এখন অভিযুক্ত কালু হোসেনের বিচার দাবীতে আইনের আশ্রয় নিয়েছেন। ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামে।

জানা গেছে, করমদী গ্রামের নজিমুদ্দীনের ছেলে কালু হোসেনে প্রায় ২৫ বছর আগে পার্শ্ববর্তি কল্যাণপুর গ্রামের দক্ষিণপাড়া এলাকার লাইলী খাতুনের সাথে বিয়ে করে। বিয়ের পর শশুরের দেওয়া জমিতেই ঘর বানিয়ে থেকে যান কালু হোসেন। তার ২ মেয়ে ও এক ছেলে রয়েছে। বড় মেয়ের বিয়ে হয়ে গেলেও এখনো ছোট মেয়ে ও এক ছেলে রয়েছে তার। তিন সন্তানের জনক কালু হোসেন একই গ্রামের কাতার প্রবাসী রহিদুল ইসলামের স্ত্রী এক সন্তানের জননী শুকিলা খাতুন (২৮) এর সাথে পরোকীয়া প্রেমে জড়িয়ে পড়েন। চলতি মাসের ১২ তারিখে তারা অজানার উদ্যেশ্যে পাড়ি জমিয়েছেন।

শুকিলা খাতুনের ভাসুর নাজিমুদ্দীন বলেন, আমার ভাই রহিদুল কাতারে

গাংনীতে গরুর শিঙের গুতোয় ১ জন আহত

গরুর শিঙ এর গুতোয় কামরুল ইসলাম (৩৫) নামের এক কৃষক মারাক্তক আহত হয়েছেন। আহত কামরুল ইসলাম গাংনী পৌর শহরের চৌড়াছা গ্রামের আব্দুল খালেকের ছেলে।

আজ রবিবার (৩০ অক্টোবর) বিকালে গোয়াল ঘরে গরুকে বাঁধতে গিয়ে একটি গরু তাকে শিঙ দিয়ে গুতো মারে। এতে তার দু পায়ের মাঝখানে উরুতে আঘাত লাগে। আহত কামরুলকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন পরিবারের লোকজন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ বলেন তার উরুতে ক্ষত হয়েছে। কামরুলকে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে।

নানা আয়োজনে গাংনীতে শিক্ষক দিবস পালিত

“শক্ষকদের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু প্রতিপাদ্য” নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে গাংনীতে শিক্ষক দিবস পালিত হয়েছে।

দিবসটি বৃহস্পতিবার (২৭ অক্টোবর) সকাল সাড়ে ১০টার সময় গাংনী উপজেলা শহীদ মিনার পাদদেশ থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের

হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, করমদী ডিগ্রী কলেজের অধ্যক্ষ এমদাদ হোসেন, হাড়াভাঙ্গা ডিএস সিনিয়র ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, বাঁশবাড়িয়া টেকনিকেল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আযাদ স্বপন, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, গাংনী পাইলট সরকারি ম্যাধমি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) শাজাহান রেজা, উপজেলা সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন, বাশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোমিনুজ্জামান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান মিজান, বিডি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এনামুল ইসলাম, এনপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুল ইসলাম, চেংগাড়া সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আল হেলাল, এসএআর বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইনামুল ইসলাম, বাঁশবাড়িয়া দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এমদাদুল হক মিন্টু, শিশিরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মান্নান, ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তৌহিদুল ইসলাম কাকন, চেংগাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশিদুল ইসলামসহ বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরা র্যালিতে অংশ নেন।

গাংনীতে জাতীয় কন্যাশিশু দিবসের আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

“সময়ের অঙ্গীকার কন্যশিশুর অধিকার” এই শ্লোগানকে সামনে নিয়ে গাংনীতে দি হাঙ্গার প্রজেক্ট ও জাতীয় কন্যাশিশু অ্যাডভেকেসি ফোরামের আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৬ অক্টোবর) গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার মোছাঃ নাসিমা খাতুন।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী অফিসের এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিনের সঞ্চালায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন করমদি কলেজের প্রভাষক আবু সাদাত মোঃ সায়েম পল্টু, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মমিনুল হক, বিশিষ্ট সমাজ সেবক ও সংগীত শিল্পী মোঃ আজিজুল হক রানু প্রমূখ।

আলোচনা শেষে দুটি মাধ্যমিক বিদ্যালয়ের বিজয়ী ১২জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী করা হয়।

গাংনীতে আমিন মিষ্টান্ন ভাণ্ডারের স্বত্ত্বাধিকারী রাশিদুল ইসলাম জেল হাজতে

মেহেরপুরের গাংনীর আমিন মিষ্টান্ন ভাণ্ডারের স্বত্ত্বাধিকারী রাশিদুল ইসলামকে জেল হাজতে পাঠিয়েছে আদালত।

আজ বুধবার দুপুরে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিজ্ঞ বিচারক এসএম শরিয়ত উল্লাহ আদালতে হাজির হলে আদালত রাশিদুল ইসলামকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

মামলার এজাহার সুত্রে জানা গেছে, ২০২২ সালের ১৩ই আগষ্টে জেলা বিশুদ্ধ খাদ্য অধিদপ্তরের ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে মেহেরপুরের সদর উপজেলার মদনা গ্রামের নাসির ফল ভান্ডারে মেয়াদ ও মুল্যতালিকা বিহীন দই ও রশগোল্লা মিষ্টি উদ্বার করে।

এসময় নাসির ফল ভান্ডারের স্বত্তাধীকারি নাসির উদ্দিন খাদ্য অধিদপ্তরকে জানায়, ওই সকল মিষ্টি জাতীয় পণ্য গাংনী উপজেলা শহরের আমিন মিষ্টান্ন ভান্ডার থেকে গাড়ি যোগে দোকান দোকানে পৌঁছে দেওয়া হয়। পরে খাদ্য অধিদপ্তরের পক্ষ থেকে আমিন মিষ্টান্ন ভান্ডারের স্বত্তাধীকারি রাশিদুল ইসলামকে মেয়াদ ও মুল্য তালিকা প্রদান না করার কারন জানতে চাওয়া হয়েছিলো।

পরে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আর কোন পণ্য মুল্য ও মেয়াদ ছাড়া তিনি প্রস্তুত করবেন না। এর পরেও জেলার কয়েকটি দোকানে আমিন মিষ্টান্ন ভান্ডারের মেয়াদবীহিন পন্য পাওয়া যায়। এর পর তার বিরুদ্ধে বিশুদ্ধ খাদ্য আদালতের মামলা দায়ের করেন মেহেরপুর সদরের নিরাপদ খাদ্য অধিদপ্তরের স্যানিটারি পরিদর্শক তারিকুল ইসলাম ।

সরকারি পক্ষের আইনজীবি ছিলেন রুত শোভা মন্ডল,আসামি পক্ষের আইনজীবি ছিলেন, এ্যাড এ কে এম সফিকুল আলম ।